

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গত ২৬-০২-২০১৭ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় যুগ্ম সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পাসম ও এর অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্য এবং আইসিটি কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত ইনোভেশন ও আইসিটি সমন্বয় সভার কার্যবিবরণী।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তিতে দেখানো হলো।

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে অবহিত করেন। সভায় আইসিটি নীতিমালা-২০১৫ এ বাস্তবায়ন অগ্রগতি, ইনোভেশন কার্যক্রম, আইসিটি জনবল, বাপাউবোর ভিডিও কনফারেন্সিং সিস্টেম, অনলাইন রিকোর্টমেন্ট সিস্টেম ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। ইনোভেটিভ ধারণাগুলোতে যাতে নতুনত্ব, কার্যকারিতা, তাৎপর্যময়তা এবং বাস্তবায়নযোগ্যতার প্রতিফলন এবং মন্ত্রণালয় ও সংস্থাসমূহের good practice সমূহের নিয়মিত চর্চার বিষয়ে আলোচনা করা হয়।

২। সভায় পাসম এর প্রোগ্রামার আইসিটি নীতিমালা-২০১৫ ছাড়াও ই-সার্ভিস, ইউনিকোড ব্যবহার ইত্যাদি বিষয় উপস্থাপন করেন।

৩। সিদ্ধান্তসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/ বাস্তবায়ন অগ্রগতি
০১	আগামী সভায় আইসিটি নীতিমালা ২০১৫ এর উপর বিস্তারিত আলোচনা করা হবে। প্রতিবেদনে বাস্তবায়ন অগ্রগতি সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। বাস্তবায়নে সমস্যা পরিলক্ষিত হলে তা মন্তব্য কলামে লিখতে হবে।	নিয়মিত প্রেরণ করা হয়
০২	আইসিটি নীতিমালা ২০১৫ এর ভিত্তিতে বাপাউবো সকল বিল অনলাইনে পেমেন্ট করার বিষয়ে উপসচিব, বাজেট অভিমত ব্যক্ত করেন।	বাপাউবো বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে।
০৩	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রতিটি জোনে ইনোভেশন টিম ও সকল কর্মকর্তাগণের সমন্বয়ে ১টি করে সেমিনার / কর্মশালার আয়োজন করবে (বাজেটে বরাদ্দ পাওয়া সাপেক্ষে)।	বাপাউবো ব্যবস্থা গ্রহণ করবে।
০৪	দাপ্তরিক কাজ সহজীকরণ করার লক্ষ্যে বিভিন্ন ধরনের ইনোভেটিভ আইডিয়া প্রতি মাসে প্রেরণ করতে হবে এবং ইনোভেশন ফান্ডের জন্য এটুআই প্রকল্পের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে।	অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি। এ ব্যাপারে আরও সচেষ্ট থাকার জন্য সভায় আহ্বান জানানো হয়।

০৫	দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রতি সংস্থা হতে ০১ জন কর্মকর্তা ও ০২ জন ডিইও কে নিয়ে মন্ত্রণালয় ইউনিকোডের উপর ০১ দিনের প্রশিক্ষণের আয়োজন করবে।	প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো ও পাসম।
০৬	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহে সেবা পদ্ধতি সহজীকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ক বিষয়াদি অন্তর্ভুক্ত করে বিদ্যমান কোর্স কারিকুলাম হালনাগাদকরণ এবং প্রয়োজনবোধে নতুন নতুন সংক্ষিপ্ত কোর্স প্রণয়ন নিশ্চিত করতে হবে।	সকল সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে
০৭	বাপাউবো অনলাইন রিকোর্টমেন্টের যে সফটওয়্যারটি ডেভেলপ করছে সেখানে পাসম এর জন্য একটি মডিউল রাখা যেতে পারে।	সফটওয়্যার উন্নয়নের কাজ চলমান রয়েছে।
০৮	সকল সংস্থা Online Attendance System প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	বাপাইবো কয়েকটি জোনে সম্পন্ন করেছে, অন্যান্য সংস্থা দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে।
০৯	ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সকল সংস্থা।
১০	নাগরিক সেবার তালিকা থেকে একটি করে সেবা সহজীকরণ করতে হবে এবং একটি করে অনলাইন সেবা চালু করতে হবে।	সকল সংস্থা
১১	আইসিটি জনবল বৃদ্ধির জন্য পদক্ষেপ নেওয়া যেতে পারে।	সকল সংস্থা
১২	বাপাউবো এর প্রকল্পের KPI মনিটরিং এর নিমিত্তে MIS সফটওয়্যার উন্নয়নের অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে আগামী ১৫ ফ্রেব্রুয়ারী, ২০১৭ এর মধ্যে প্রেরণ করবে।	বাপাউবো

৪। অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৬/০৩/২০১৭
(মোঃ খলিলুর রহমান)
যুগ্মসচিব
ও
চীফ ইনোভেশন অফিসার